

□<----- ১ নাম্বার দোয়া ----->□

إِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ ۞

অর্থ: আমাদেরকে সরল পথ প্রদর্শন কর,

-সূরা ফাতিহা, আয়াত নম্বর: ৬

□<----- ২ নাম্বার দোয়া ----->□

رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ

অর্থ: হে আমাদের প্রতিপালক! আমাদের দুনিয়াতে কল্যাণ দাও এবং আখিরাতে কল্যাণ দাও এবং আমাদেরকে দোজখের শাস্তি হইতে রক্ষা কর।

-সূরা বাকারা, আয়াত নম্বর: ২০১

□<----- ৩ নাম্বার দোয়া ----->□

رَبَّنَا أَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَثَبِّثْ أَقْدَامَنَا وَانصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ

অর্থ: হে আমাদের প্রতিপালক! আমাদেরকে ধৈর্য দান কর, আমাদের পা অবিচলিত রাখ এবং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য দান কর।

-সূরা বাকারা, আয়াত নম্বর: ২৫০

□<----- ৪ নাম্বার দোয়া ----->□

إِنَّكَ أَنْتَ الْوَهَّابُ رَبَّنَا لَا تَزِعْ قُلُوبَنَا بَعْدَ إِذْ هَدَيْتَنَا وَهَبْ لَنَا مِنْ لَدُنْكَ رَحْمَةً

অর্থ: হে আমাদের প্রতিপালক! সরল পথ প্রদর্শনের পর তুমি আমাদের অন্তরকে সত্য লংঘন প্রবণ করিও না এবং তোমার নিকট হইতে আমাদেরকে করুণা দান কর, নিশ্চয়ই তুমি মহাদাতা।

-সূরা ইমরান, আয়াত নম্বর: ৮

□<----- ৫ নাম্বার দোয়া ----->□

رَبَّنَا إِنَّا أَمْنَا فَاغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَقِنَا عَذَابَ النَّارِ

অর্থ: হে আমাদের প্রতিপালক! আমরা ঈমান আনিয়াছি ; সুতরাং তুমি আমাদের পাপ ক্ষমা কর এবং আমাদেরকে আগুনের আযাব হইতে রক্ষা কর।

-সূরা ইমরান, আয়াত নম্বরঃ ১৬

□<----- ৬ নাম্বার দোয়া ----->□

رَبَّنَا أَنْزِلْ عَلَيْنَا مَائِدَةً مِنَ السَّمَاءِ تَكُونُ لَنَا عِيدًا لِأَوَّلِنَا وَآخِرِنَا وَآيَةً مِنْكَ وَأَنْتَ خَيْرُ الرَّازِقِينَ

অর্থঃ হে আল্লাহ্ আমাদের প্রতিপালক! আমাদের জন্য আসমান হইতে খাদ্যপূর্ণ খাঞ্চা প্রেরণ কর; ইহা আমাদের ও আমাদের পূর্ববর্তী ও পরবর্তী সকলের জন্য হইবে আনন্দোৎসবস্বরূপ এবং তোমার নিকট হইতে নিদর্শন। আর আমাদেরকে জীবিকা দান কর; তুমিই তো শ্রেষ্ঠ জীবিকাদাতা।

-সূরা মায়িদাহ, আয়াত নম্বরঃ ১১৪

□<----- ৭ নাম্বার দোয়া ----->□

رَبَّنَا ظَلَمْنَا أَنْفُسَنَا وَإِنْ لَمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُونَنَّ مِنَ الْخَسِرِينَ

অর্থঃ হে আমাদের প্রতিপালক! আমরা নিজেদের প্রতি অন্যায় করিয়াছি, যদি তুমি আমাদেরকে ক্ষমা না কর এবং দয়া না কর তবে তো আমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হইব।

-সূরা আ'রাফ, আয়াত নম্বরঃ ২৩

□<----- ৮ নাম্বার দোয়া ----->□

رَبِّ اِيَّيْ اَعُوذُ بِكَ اَنْ اَسْأَلَكَ مَا لَيْسَ لِي بِهِ عِلْمٌ وَاَلَّا تَغْفِرَ لِي وَتَرْحَمَنِي اَكُنْ مِنَ الْخَسِرِينَ

অর্থঃ হে আমার প্রতিপালক! যে বিষয়ে আমার জ্ঞান নাই, সে বিষয়ে যাহাতে আপনাকে অনুরোধ না করি, এই জন্য আমি আপনার শরণ লইতেছি। আপনি যদি আমাকে ক্ষমা না করেন এবং আমাকে দয়া না করেন, তবে আমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হইব।

-সূরা হুদ, আয়াত নম্বরঃ ৪৭

□<----- ৯ নাম্বার দোয়া ----->□

رَبَّنَا وَتَقَبَّلْ دُعَاءَنَا □ رَبِّ اجْعَلْنِي مُقِيمَ الصَّلَاةِ وَمِنْ ذُرِّيَّتِي ۗ

অর্থঃ হে আমার প্রতিপালক! আমাকে সালাত কায়েমকারী কর এবং আমার বংশধরদের মধ্য হইতেও। হে আমাদের প্রতিপালক! আমার প্রার্থনা কবুল কর।

-সূরা ইব্রাহীম, আয়াত নম্বরঃ ৪০

□<----- ১০ নাম্বার দোয়া ----->□

رَبَّنَا اغْفِرْ لِي وَلِوَالِدَيَّ وَلِلْمُؤْمِنِينَ يَوْمَ يَقُومُ الْحِسَابُ

অর্থ: হে আমাদের প্রতিপালক! যেই দিন হিসাব অনুষ্ঠিত হইবে সেই দিন আমাকে, আমার পিতা-মাতাকে এবং মু'মিনগণকে ক্ষমা করিও।

-সূরা ইব্রাহীম, আয়াত নম্বর: ৪১

□<----- ১১ নাম্বার দোয়া ----->□

رَبِّ اعُوذُ بِكَ مِنْ هَمَزَاتِ الشَّيْطَانِ

অর্থ: হে আমার প্রতি-পালক! আমি তোমার আশ্রয় প্রার্থনা করি শয়তানের প্ররোচনা হইতে।

-সূরা মুমিনুন, আয়াত নম্বর: ৯৭

□<----- ১২ নাম্বার দোয়া ----->□

رَبِّ اشْرَحْ لِي صَدْرِي وَيَسِّرْ لِي أَمْرِي ۖ وَاجْلُ عُقْدَةً مِّنْ لِّسَانِي يُفْقَهُوا قَوْلِي

অর্থ: হে আমার প্রতিপালক! আমার বক্ষ প্রশস্ত করিয়া দাও। এবং আমার কর্ম সহজ করিয়া দাও। আমার জিহবার জড়তা দূর করিয়া দাও। যাহাতে উহারা আমার কথা বুঝিতে পারে।

-সূরা তোয়া'হ্লা , আয়াত নম্বর: ২৫ -২৮